সমকাল

তারিখ ..19 DEC 2016.. ...
পৃষ্ঠা ...৬... কলাম ..১-৩......

### শিক্ষকদের বিরুদ্ধে অভিযোগ

# উপঢৌকন না দিলেই নম্বর কম

■ ধামরাই (ঢাকা) প্রতিনিধি

ধামরাই উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিরুদ্ধে পরীক্ষায় নম্বর কম দেওয়ার হুমকি দিয়ে পরীক্ষার্থীদের কাছ থেকে উপঢৌকন আদায়ের অভিযোগ পাওয়া গেছে।

উপজেলায় ১৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। রোববার ছিল এসব বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষার সর্বশেষ চারুকারু পরীক্ষা। এ পরীক্ষার্থীদের স্কুলে গিয়ে ইচ্ছে মতো জিনিস তৈরি করে শিক্ষকদের কাছে জমা দেওয়ার কথা। পরীক্ষার্থীরা জানায়, শিক্ষকরা পরীক্ষা শুরুর দিনই হাতের কাজ হিসেবে জগ, মগ, গ্লাসসহ নানা জিনিসপত্র কিনে আনতে বলেন। তা না দিলে পরীক্ষায় নম্বর কম দেওয়া হবে বলে জানানো হয়েছে। এ কারণে বাধ্য হয়ে তারা বাজার থেকে মূল্যবান এসব জিনিসপত্র কিনে দেয়। চারিপাড়া হাতকোড়া প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষার্থীর অভিভাবক জানান, তার মেয়ে হাতের কাজ হিসেবে একটি ঝাড়ু দিতে গিয়েছিল। শিক্ষকরা তা নেননি। পরে তিনি বাধ্য হয়ে বাজার থেকে ১২০ টাকা দিয়ে একটি জগ কিনে দিয়েছেন। অন্যান্য বিদ্যালয়ে গিয়েও একই অভিযোগ পাওয়া গেছে। ওই স্কুলের প্রধান শিক্ষক অরুণা বিশ্বাস পরীক্ষার্থীদের কাছ থেকে এসব উপঢৌকন নেওয়ার বিষয়ে কোনো উত্তর দিতে রাজি হননি। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কাজী রাশেদ মামুন বলেন, অভিযোগের সত্যতা পাওয়া গেলে অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।